# ইতিহাস এবং কার্যাবলি

পর্যটনখাতের সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও পর্যটকদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০১৩ সাথে ট্যুরিস্ট পুলিশ গঠন করা হয়েছে। ইতোমধ্যে সরকার ট্যুরিস্ট পুলিশ বিধিমালা-২০২০ জারি করেছে। ট্যুরিস্ট পুলিশ পর্যটকদের সুরক্ষা ও সম্পত্তি সংক্রান্ত ফৌজদারী অপরাধের তদন্তসহ অন্যান্য অপরাধের প্রতিকারমূলক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছে। ফলে দেশি-বিদেশি পর্যটকগণ সুফল ভোগ করতে শুরু করেছে।

দেশের ক্রমবর্ধমান অগ্রগতির ফলে মানুষের আর্থিক উন্নতি, শিক্ষার হার বৃদ্ধি, অবকাঠামোগত উন্নয়ন এবং ইন্টারনেটসহ আধুনিক প্রযুক্তির প্রসারের কারণে একদিকে যেমন দেশের মানুষের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে, তেমনি ঘুরে বেড়ানোর মানসিকতা সৃষ্টি হয়েছে। ফলে বর্তমানে পর্যটকদের সংখ্যা অনেক বেশি বৃদ্ধি পেয়েছে। এই পর্যটকদের সার্বিক নিরাপত্তা ও সুরক্ষার দায়িত্ব পালন করছে ট্যুরিস্ট পুলিশ।